# খুলনা ওয়াসার ২০১৭-১৮ অর্থ বছরের কর্মকান্ডের উপর চাহিত তথ্য প্রতিবেদন

১। **ভূমিকা:** নগরবাসীর চাহিদা অনুযায়ী খুলনা ওয়াসা নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার বহুমুখী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে সর্বাত্মকভাবে কাজ করে যাচ্ছে।

২। **বিবর্তনের ইতিহাস :** খুলনা সিটি কর্পোরেশন সৃষ্টি হওয়ার পূর্বে খুলনা শহরে পানি বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা দ্বারা পরিচালিত হত। ১৯৮৪ সাল থেকে সৃষ্ট পানি সরবরাহ বিভাগ খুলনা সিটি কর্পোরেশন এর অধীনে পরিচালিত হয়ে আসছিল। নগরবাসীর চহিদার পরিপ্রেক্ষিতে গত ২/৩/২০০৮ খ্রি: তারিখ বাংলাদেশ সরকার কর্তৃক পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ এর মাধ্যমে খুলনা ওয়াসার সৃষ্টি হয়।

৩। **লক্ষ্য ও উদ্দেশ্য :** খুলনা শহরের নগরবাসীর মধ্যে সুপেয় পানি সরবরাহ করার লক্ষ্যে সরকার খুলনা ওয়াসা ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা) প্রতিষ্ঠা করেছে। খুলনা ওয়াসা খুলনা নগরবাসীদের জন্য উৎপাদক নলকূপ, ভূ-উপরিস্থ পানি শোধনাগার ও পাইপ লাইন এর মাধ্যমে নিরাপদ সুপেয় পানি সরবরাহ, স্ট্রীট-হাইড্রেন্ট এর মাধ্যমে পানি সরবরাহ এবং বিশেষ প্রয়োজনে গ্রাহকের চাহিদার পরিপ্রেক্ষিতে ট্যাংকির মাধ্যমে পানি সরবরাহের ব্যবস্থা করে থাকে।

৪। **সাংগঠনিক কাঠামো ও জনবলসহ খুলনা ওয়াসার সকল প্রশাসনিক কার্যক্রমের বিবরণ :** ২৫/১১/০৮ খ্রি: তারিখে ১৫৭ জন কর্মকর্তা/কর্মচারীর সংস্থান রেখে রাজস্ব খাতের আওতায় অস্থায়ীভাবে খুলনা ওয়াসার জনবল অনুমোদিত হয়। ১৫৭ জনের মধ্যে খুলনা সিটি কর্পোরেশনের সাবেক পানি সরবরাহ বিভাগের ১০৯ জন কর্মকর্তা/কর্মচারীকে খুলনা ওয়াসায় বিভিন্ন পদে আত্মীকরণ এর কাজ সম্পন্ন হয়েছে। এ ছাড়া ১ জন ব্যবস্থাপনা পরিচালক ও ১ জন উপ ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) চুক্তি ভিত্তিক নিয়োগে কর্মরত আছেন। ১ জন উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থও প্রশাসন) ও ১ জন সচিব কে প্রেষনে সরকার কর্তৃক নিয়োগ দেওয়া হয়েছে। খুলনা ওয়াসার সৃষ্টিলগ্ন ২০০৮ সাল থেকে বর্তমান ২০১৬-১৭ অর্থ বছর পর্যন্ত কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় মন্ত্রণালয় কর্তৃক অস্থায়ীভাবে সৃজনকৃত ৭৬টি পদ এবং পূবে সৃজনকৃত ১৫৭টি পদ থেকে খুলনা সিটি কর্পোরেশন হতে হস্তান্তরিত ১৩৪ জন মাস্টার রোল কর্মচারীদের মধ্য থেকে ৭০ জন কর্মচারীকে স্থায়ীভাবে নিয়োগ দেয়া হয়। খুলনা ওয়াসার সাংগঠনিক জনবলের তথ্য নীচে দেখানো হলো :

| গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ম গ্রেড | - | – | ১১তম গ্রেড | - | - |
| ২য় গ্রেড | ১টি | ১টি | ১২ তম গ্রেড | - | - |
| ৩য় গ্রেড | ১টি | ১টি | ১৩ তম গ্রেড | ১১ টি | ৮টি |
| ৪র্থগ্রেড | ২ টি | ১ | ১৪তম গ্রেড | ৬ টি | ৪টি |
| ৫ম গ্রেড | ২ টি | ০ | ১৫তম গ্রেড | ৯ টি | ৮টি |
| ৬ষ্ঠ গ্রেড | ৬ টি | ৪ টি | ১৬ তম গ্রেড | ৬০ টি | ৫৩টি |
| ৭ম গ্রেড | - | - | ১৭তম গ্রেড | ৪ টি | ৪টি |
| ৮ম গ্রেড | - | - | ১৮তম গ্রেড | ৬০ টি | ৫২টি |
| ৯ম গ্রেড | ৮ টি | ৩ টি | ১৯তম গ্রেড | – | – |
| ১০ম গ্রেড | ২০ টি | ১৪ টি | ২০তম গ্রেড | ২১ টি ও আউট সোর্সিং- ২২টি | ২১টি ও আউট সোর্সিং- ১৩টি |

বি:দ্র: এছাড়া ওয়াসা সৃষ্টির সময় খুলনা সিটি কর্পোরেশন হতে হস্তান্তরিত ১৩৪ জন মাস্টাররোল কর্মচারীর মধ্যে ৭০ জনকে নিয়োগ দেয়ার পর এখনও ৬৪ জন কর্মচারী মাস্টার রোল হিসেবে কর্মরত রয়েছে।

৫। **২০১৭ - ১৮ অর্থ বছরে রাজস্ব আয়ের খাতভিত্তিক বিবরণী:**

| খাত | লক্ষ্য মাত্রা | অর্জন | বকেয়া/বকেয়া আদায় | বকেয়া আদায়ে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| পানির বিল | ২,৭৫,৯২,৩৮২ | ২,৯৯,৯১,৭২০ | অতিরিক্ত ২৩,৯৯,৩৩৮/ টাকা পূর্বের বকেয়া আদায় | * ডিমান্ড নোটিশ প্রদান।<br>* ডিমান্ড নোটিশ অনুসারে আদায়ের নিমিত্তে বাড়ি বাড়ি গিয়ে বকেয়া আদায়ের ব্যবস্থা গ্রহণ।<br>* বকেয়া আদায়ের লক্ষে টেলিফোনে গ্রাহকের সাথে যোগাযোগ।<br>* কম্পিউটারাইজড বিল প্রদান।<br>* বকেয়া পানির বিল পরিশোধের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি, হ্যান্ডবিল এবং মাইকিং করা, টেলিভিশনে স্ক্রল নিউজ প্রদর্শন।<br>* সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পরিচালনা করা। |
| পানির সংযোগ ফি | ৩০,৬০,৩২৪ | ৩৩,২৬,৪৩৯ | | |
| গভীর নলকূপ হতে রাজস্ব | ১,৪৯,৭৮৫ | ১,৬২,৮১০ | | |
| গাড়ীতে পানি বিক্রয় | ২,৬৮,৫৪৫ | ২,৯১,৮৯৭ | | |
| দরপত্র /সিডিউল বিক্রয় | ১৬,৩৯৪ | ১৭,৮২০ | | |
| বিবিধ (পানির সংযোগ আবেদন ফরম, নাম পরিবর্তন ফি ও বিবিধ) | ১,৫৫,০৩২ | ১,৬৮,৫১২ | | |
| মোট= | ৩,১২,৪২,৪৬২ | ৩,৩৯,৫৯,১৯৮ | | |

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

স্বপন কুমার মন্ডল
(উপ সচিব)
উপ ব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন)
খুলনা ওয়াসা, খুলনা।

৬. চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বিবরণী (লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম/ অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০১৭-১৮ অর্থ বছর) | | অগ্রগতি (২০১৭-১৮ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| ১ | খুলনা পানি সরবরাহ প্রকল্প। প্রকল্প ব্যয়: ২৫৫৮৩৩.৭২ (ADB = ৫২৩৭৭.৯৬ , JICA = ১২৮৪১২.৭৮ এবং GOB = ৭৫০৪২.৯৮) বাস্তবায়নকাল: জুলাই ২০১১ - ডিসেম্বর ২০১৮ | খুলনা মহানগরীতে পর্যাপ্ত পরিমান সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করণে ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা কমিয়ে ভূ-উপরিস্থ পানি শোধনকরে দৈনিক ১১ কোটি লিটার পরিশোধিত পানি সরবরাহ করা। যাহার মধ্যেমে পানি সরবরাহের কভারেজ প্রায় ৪৬% বৃদ্ধি পাবে। | **রাজস্ব খাত** | | | | |
| | | | পরামর্শক জাইকা ও এডিবি অংশ (বৈদেশিক ও স্থানীয় পরামর্শক,সাপোর্টিং স্টাফ এবং পরামর্শকের জন্য সরাসরি খরচ, আবাসন-অফিস ভাড়া,যানবহন ভাড়া, ও স্থানীয় যোগাযোগ এবং রিপোর্ট তৈরি) | ১৮% | ১৩৭০.০০ | ১৮% | ১৩৭০.০০ |
| | | | অফিসার ও কর্মচারীদের বেতন | থোক | ৯৬.০০ | থোক | ৯৬.০০ |
| | | | জ্বালনী ও রক্ষনাবেক্ষণ ও বিবিধ (পিএসসি/ পিআইসি/টেক সদস্যদের সম্মানী) | থোক | ৪৩.৮৬ | থোক | ৪৩.৮৬ |
| | | | আইটি ও ভ্যাট স্থানীয় ও বিদেশী পরমর্শকের জন্য | থোক | ১৩৩৮.১৪ | থোক | ১৩৩৮.১৪ |
| | | | **মোট রাজস্ব ব্যয় =** | | ২৮৪৮.০০ | | ২৮৪৮.০০ |
| | | | **মুলধন খাত** | | | | |
| | | | ১টি ১১০ MLD ক্ষমতার Water Intake facility নির্মাণ ও ৩৩ কিঃ মিঃ Raw Water Transmission pipe Line | ২৫% | ১৯৩১১.৭১ | ২৫% | ১৯৩১১.৭১ |
| | | | ১১০ MLD Surface Water Treatment Plant নির্মাণ ও ১টি ৭৭৫ মিলিয়ন লিটার ধারণক্ষম Impounding Reservoir নির্মাণ | ২৫% | ১২৫০৪.১৩ | ২৫% | ১২৫০৪.১৩ |
| | | | ৩৬ কিঃ মিঃ Clear Water Transmission pipe Line নির্মাণ | ২০% | ৬৫৬৯.১০ | ২০% | ৬৫৬৯.১০ |
| | | | ১০টি ওভারহেড ট্যাঙ্ক এবং ৭টি Distribution Reservoir নির্মাণ | ১৪% | ২৮৯৫.০৬ | ১৪% | ২৮৯৫.০৬ |
| | | | ৬৫০কিঃ মিঃ বিভিন্ন ব্যাসের বিতরণ পাইপ লাইন নির্মাণ ও মিটারসহ হাউজ কানেসন | ২২% | ১০৫৯৫.৫৩ | ২২% | ১০৫৯৫.৫৩ |
| | | | ৬ তলা বিশিষ্ট ওয়াসা প্রধান অফিস ও দুইটি জোনাল অফিস নির্মাণ | ১০% | ১০৯.৯৯ | ১০% | ১০৯.৯৯ |
| | | | সুপেয় পানির বোতলজাতকরণ প্লান্ট নির্মাণ ১টি | ৪০% | ১২৪৮.৭৩ | ৪০% | ১২৪৮.৭৩ |
| | | | **সম্পদ সংগ্রহ ও ক্রয়** | | | | |
| | | | অফিস সাপ্লাই ও ফার্নিচার | থোক | ৪.৪৭ | থোক | ৪.৪৭ |
| | | | হার্ডওয়্যার ও সফটওয়্যার কার্যক্রম গ্রহণ | থোক | ৫৭.০৭ | থোক | ৫৭.০৭ |
| | | | পুণর্বাসন ( ভূমি ও সম্পদের ক্ষতিপূরণ) | থোক | ১৩৪.২১ | থোক | ১৩৪.২১ |
| | | | আমদানী শুল্ক ( নির্মাণ/প্রকিউরমেন্ট এর জন্য বৈদেশীক অর্থের ৩০%) | থোক | ৩০০০.০০ | থোক | ৩০০০.০০ |
| | | | প্রকল্প বাস্তবায়নকালীন সুদ | থোক | ১০০০.০০ | থোক | ১০০০.০০ |
| | | | **মোট মুলধন ব্যয় =** | | ৫৭৪৩০.০০ | | ৫৭৪৩০.০০ |
| | | | **মোট ব্যয় (রাজস্ব + মুলধন) =** | | ৬০২৭৮.০০ | | ৬০২৭৮.০০ |

৩০/৭/২০১৮
মোঃ ইমতিয়াজ আলী মল্লিক
প্রধান সহকারী
খুলনা ওয়াসা, খুলনা।

৩০/৭/১৮
শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

৩০/৭/১৮
স্বপন কুমার মন্ডল
(উপ সচিব)
উপ ব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন)
খুলনা ওয়াসা, খুলনা।

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম/অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০১৭-১৮ অর্থ বছর) | | অগ্রগতি (২০১৭-১৮ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | খুলনা শহরে পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণ । প্রাক্কলিত ব্যয় ঃ ৩৩৪৮.২৯ লক্ষ টাকা (জিওবি- ৩১৮০.৮৮ লক্ষ টাকা এবং খুলনা ওয়াসা নিজস্ব - ১৬৭.৪১ লক্ষ টাকা ) প্রকল্পের মেয়াদকাল: জুলাই ২০১৫- জুন ২০১৮ | প্রকল্পটি বাস্তবায়িত হলে চলমান পানি সংকট মোকাবেলা করার জন্য উৎপাদক নলকূপ স্থাপন ও পূনর্বাসনের মাধ্যমে ২০ এমএলডি (২ কোটি লিটার) পানি সরবরাহ করা এবং ৬,০০০ টি মিটারসহ সংযোগ প্রদান করে পানির সবরাহের কভারেজ বৃদ্ধি করা। | **ক. রাজস্ব খাত** | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| | | | সরবরাহ ও সেবা<br>ক. কন্সালটেন্সী (সুপারভিশন) খ. সাপোর্টিং স্টাফ গ. প্রত্যক্ষ ব্যয় (যানবাহন ভাড়া, চালকসহ যানবাহের পরিচালন ও রক্ষনাবেক্ষন, স্টেশনারী দ্রব্য ও আসবাবপত্র, তত্ত্বাবধায়ক সহকারী ও বিভিন্ন রিপোর্টি প্রস্তুত। | থোক | ৫২.০০ | থোক | ৫২.০০ |
| | | | **মোট রাজস্ব ব্যয় =** | | **৫২.০০** | | **৫২.০০** |
| | | | **খ. মুলধন খাত** | | | | |
| | | | মালামাল | | | | |
| | | | গভীর উৎপাদক নলকূপের মালামাল (পাইপ, ফিটিংস, পাম্প মোটরসহ ইলেকট্রিক ও ম্যাকানিকাল মালামাল) | ৭টি | ১৫৯.৫৫ | ৭টি | ১৫৯.৫৫ |
| | | | পানির ফ্লো মিটার ৬,০০০ টি (বিভিন্ন ডায়া ১/২" - ৬") | ৫২৫০টি | ১৩১.৬৯ | ৫২৫০টি | ১৩১.৬৯ |
| | | | লিক সনাক্তকরন যন্ত্র (ডাটা লগার, করিলেটর, ক্যামেরা এবং অন্যান্য সরঞ্জামাদি) | থোক | ৩৮.০০ | থোক | ৩৮.০০ |
| | | | ৫টি মটোর বাইক (১২৫ সিসি) | ৫টি | ৯.৬০ | ৫টি | ৯.৬০ |
| | | | ২টি ওয়াটার ক্যারিয়ার (৪০০ লি:) | ২টি | ৯৩.৭৮ | ২টি | ৯৩.৭৮ |
| | | | ডেস্কটপ ও লেপটপ কম্পিউটার প্রিন্টারসহ অন্যান্য যন্ত্রাংশ | ৮টি | ৫.৭০ | ৮টি | ৫.৭০ |
| | | | নির্মাণ কাজ | | | | |
| | | | ১০টি উৎপাদক নলকূপ স্থাপন (টেস্ট টিউব ওয়েল, পাম্প হাউজ নির্মাণ, বৈদ্যুতিক এবং যান্ত্রিক কাজ) | ১০টি | ৩০৮.৪৫ | ১০টি | ৩০৮.৪৫ |
| | | | ১০টি উৎপাদক নলকূপ প্রতিস্থাপন (টেস্ট টিউব ওয়েল, পাম্প হাউজ নির্মাণ, বৈদ্যুতিক এবং যান্ত্রিক কাজ) | ১০টি | ৩০৬.৩৬ | ১০টি | ৩০৬.৩৬ |
| | | | পানির ফ্লো মিটার স্থাপন বিভিন্ন ব্যাসের (৬০০০টি) | ৫০০০টি | ৩৩.৮১ | ৫০০০টি | ৩৩.৮১ |
| | | | অন্যান্য ব্যয় ( সম্মানী, স্টেশনারী,পত্রিকা বিল, লজেস্টিক সাপোর্ট ইত্যাদি) | থোক | ৭.০৬ | থোক | ৭.০৬ |
| | | | **মোট মুলধন ব্যয় =** | | **১০৯৪.০০** | | **১০৯৪.০০** |
| | | | **মোট ব্যয় (রাজস্ব + মুলধন) =** | | **১১৪৬.০০** | | **১১৪৬.০০** |

মোঃ ইমতিয়াজ আলী মল্লিক
প্রধান সহকারী
খুলনা ওয়াসা, খুলনা।

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

স্বপন কুমার মন্ডল
(উপ সচিব)
উপ ব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন)
খুলনা ওয়াসা, খুলনা।

৭। মানব সম্পদ উন্নয়ন :

দেশে প্রশিক্ষণ:

| ক্রমিক নং | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহনকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ০২/০৮/২০১৭ খ্রিঃ বাংলাদেশ ইন্টারন্যাশনার সেন্টার (বিআইসিসি) আগারগাও, ঢাকা | ৬জন | Dissemination event of promotion Environmental health for urban poor(NXfSp) - শীর্ষক কর্মশালা। |
| ২ | ০৮/১০/২০১৮ খ্রিঃ শিল্প সম্পর্ক শিক্ষায়তন, মীরেরডাঙ্গা, খুলনা। | ১ জন | শিল্প সম্পর্ক প্রশিক্ষণ। |
| ৩ | ০৬/১২/২০১৭ খ্রিঃ, ইনস্টিটিউট অব পাবলিক ফাইনান্স (আই পি এফ), ঢাকা | ১ জন | বাস্তবায়নাধীন সরকারী ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ আইবাস ++ বাজেট বাস্তবায়ন মডিউলের উপর প্রশিক্ষণ। |
| ৪ | ০৯/১২/২০১৭ খ্রিঃ, ইনস্টিটিউট অব পাবলিক ফাইনান্স (আই পি এফ), ঢাকা। | ২জন | বাস্তয়নাধীন সরকারী ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ আইবাস ++ বাজেট বাস্তবায়ন মডিউলের উপর প্রশিক্ষণ। |
| ৫ | ১১/০১/২০১৮ ইনস্টিটিউট অব পাবলিক ফাইনান্স (আই পি এফ), ঢাকা। | ২জন | বাজেট প্রণয়নের লক্ষে পরিপত্র ১ উপর প্রশিক্ষণ। |
| ৬ | ১৬/০১/২০১৮ ইনস্টিটিউট অব পাবলিক ফাইনান্স (আই পি এফ), ঢাকা | ৩ জন | বাজেট IBAS ++ এ ডাটা এন্ট্রি বিষয়ে প্রশিক্ষণ। |
| ৭ | ৪/২/২০১৮ খ্রিঃ হতে ১/০৩/২০১৮ পর্যন্ত শিল্প সম্পর্ক শিক্ষায়তন, মীরেরডাঙ্গা, খুলনা। | ৩ জন | ৬৮তম শিল্প সম্পর্ক প্রশিক্ষণ। |
| ৮ | ১৭/০৫/২০১৮ খ্রিঃ আঞ্চলিক লোক প্রশিক্ষণ প্রশিক্ষণ কেন্দ্র, বয়রা, খুলনা। | ২ জন | Workshop on National Integrity Strategy (NIS)- শীর্ষক কর্মশালা। |
| ৯ | ০৬/০৫/২০১৮ খ্রিঃজনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা | ২ জন | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদান চুক্তি প্রনয়ণের উপর কর্মশালা |
| ১০ | ১৭/০৫/২০১৮ খ্রিঃ আঞ্চলিক লোক প্রশিক্ষণ প্রশিক্ষণ কেন্দ্র, বয়রা, খুলনা। | ২ জন | Workshop on National Integrity Strategy (NIS), Grade 10 to above - শীর্ষক কর্মশালা। |

বিদেশে প্রশিক্ষণ:

| ক্রমিক নং | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহনকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ১৬/০৪/২০১৮ হতে ০৪/০৫/২০১৮ পর্যন্ত, সুইডেন | ১জন | Sustainable Urban Water and Sanitation- Integrated Process. SUWAS Asia-2018. |
| ২ | ০১/০৮/২০১৭ হতে ০৪/০৮/২০১৭ খ্রিঃ পর্যন্ত, জাপান। | ১জন | The 4th Executive Forum for Enhancing Sustainability of Urban Water Supply in Asia Region. |
| ৩ | ১৬/১০/১৭ হতে ২৭/১০/২০১৭ পর্যন্ত, কম্বোডিয়া | ১জন | ITP-301 A Sustainable Urban Water and Sanitation Integrated Processes. |

৩০/৭/২০১৮
মোঃ ইমতিয়াজ আলী মল্লিক
প্রধান সহকারী
খুলনা ওয়াসা, খুলনা।

৩০/৭/১৮
শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

৩০/৭/২০১৮
স্বপন কুমার মন্ডল
(উপ সচিব)
উপ ব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন)
খুলনা ওয়াসা, খুলনা।

৮। **অডিট সংক্রান্ত তথ্য:**

পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক খুলনা ওয়াসার সৃষ্টিকাল হতে ২০০৮-১০, ২০১০-১২, ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। অডিট আপত্তিতে মোট ৩৪ টি আপত্তি উত্থাপন করা হয়। যার মধ্যে ২৭ টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৭ টি সাধারণ অনুচ্ছেদ রয়েছে। উক্ত ৩৪ টি আপত্তি হতে এ পর্যন্ত ১৯ টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৬ টি সাধারণ অনুচ্ছেদ সহ মোট ২৫ টি অপত্তি নিস্পত্তি হয়েছে। অবশিষ্ট ০৮ টি অগ্রিম অনুচ্ছেদ ও ০১ টি সাধারণ অনুচ্ছেদ সহ মোট ০৯ টি অনুচ্ছেদের নিস্পত্তি মূলক জবাব প্রেরণ করা হয়েছে, যার মাধ্যে ০৮ টি অগ্রিম অনুচ্ছেদ স্থানীয় সরকার বিভাগ থেকে সুপারিশ করে পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

৯। **২০১৭ - ১৮ অর্থ বছরের অর্জন/ সাফল্য :**

- খুলনা মহানগরীতে ৮ টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে, যাহার মাধ্যমে ৮ এমএলডি পানি উৎপাদন ও সরবরাহ করা হচ্ছে।
- বর্তমান জুন ২০১৮ পর্যন্ত পানি সরবরাহের পরিমান ১২২.৫০ এম এল ডি -তে উন্নীত হেয়েছে ।
- খুলনা মহানগরীতে পানি সরবরাহ প্রক্রিয়া সম্প্রসারণ হিসাবে ২০১৭-১৮ অর্থ বছরে ১৫১৬ টি হোল্ডিং এ পানির সংযোগ প্রদান করা হয়েছে।
- পানি সরবরাহের পাইপ লাইনে ৯৮ টি লিক মেরামত করে পানির অপচয় (এনআরডব্লিউ) হ্রাস করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
- পানির অপচয় রোধকল্পে ও পানির ব্যবহার অনুযায়ী বিল নির্ধারণের লক্ষ্যে পূর্বের মাসিক ফ্ল্যাট রেইট (ব্যাস পদ্ধতি) এর পরিবর্তে মিটারিং ব্যবস্থা চালুর লক্ষ্যে পানির সংযোগে ফ্লো মিটার স্থাপন করা হচ্ছে। জুন ২০১৮ পর্যন্ত ৬১% পানির সংযোগে ফ্লো মিটার স্থাপন করা হয়েছে।
- জুন ২০১৮ পর্যন্ত রাজস্ব আদায়ের হার বৃদ্ধি পেয়ে ৯৫% উন্নীত হয়েছে।
- খুলনা ওয়াসা ইতোমধ্যেই কম্পিউটারাইজড বিলিং সফটওয়্যার চালু করেছে। যার মাধ্যমে দ্রুততম সময়ে সঠিকতা ও স্বচ্ছতার সাথে বিল প্রস্তুত করে নির্ধারিত সময়ের মধ্যে গ্রাহকদের নিকট পৌঁছানো হচ্ছে।
- খুলনা ওয়াসার সার্বক্ষণিক কল সেন্টার (০১৯ ৯৯ ৪৪ ৫৫ ৬৬) চালু করা হয়েছে। যার মাধ্যমে গ্রাহকগণ যেকোনো সময় খুলনা ওয়াসার ওয়েবসাইটে লগইন করে তার সেবা সংক্রান্ত সমস্যা লিপিবদ্ধ করতে পারেন এবং দাখিল কৃত অভিযোগের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে জানতে পারেন।
- ই-জিপি পোর্টালের আওতায় খুলনা ওয়াসার যাবতীয় টেন্ডার কার্যক্রম ইলেক্ট্রনিক পদ্ধতিতে করা হচ্ছে। ডিজিটাল পদ্ধতিতে অনলাইনে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন, দরপত্র আহবান, উন্মুক্তকরণ ও মূল্যায়ন, চুক্তি সম্পাদনের নোটিশ প্রদান ও চুক্তি সম্পাদনসহ যাবতীয় ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে।
- ডিজিটাল যুগের সাথে তাল মিলিয়ে অগ্রসর হতে খুলনা ওয়াসার গ্রাহকগণ যেকোনো সময় ঘরে বসেই তাদের নিজ নিজ মোবাইল ফোন থেকে "জি-পে" বা "শিওর ক্যাশ" অ্যাপ এর মাধ্যমে খুলনা ওয়াসার পানির বিল পরিশোধ করতে পারেন।
- খুলনা ওয়াসার ডায়নামিক ওয়েবসাইট চালু করা হয়েছে। খুলনা ওয়াসার গ্রাহক সেবা সম্পর্কিত যাবতীয় তথ্য সহ দাপ্তরিক সকল সাধারণ তথ্য ও যাবতীয় ফরম ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। গ্রাহকগণ যেকোনো সময় খুলনা ওয়াসার ওয়েবসাইটে লগইন করে তাদের নিজ নিজ পানির বিলের তথ্য সরাসরি দেখতে পারবেন।
- কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়্যার চালু হয়েছে। ডিজিটাল পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে ই-বিলিং সফটওয়্যারের মাধ্যমে নিয়মিতভাবে যাবতীয় হিসাব কাজ সম্পন্ন করা হচ্ছে। খুলনা ওয়াসায় কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের বেতনসহ অন্যান্য ভাতাদি পে রোল সফটওয়্যারের মাধ্যমে প্রস্তুত করা হচ্ছে।
- খুলনা ওয়াসার সম্পদ সমূহ সুষ্ঠুভাবে সংগ্রহ, বণ্টন ও অপচয় রোধে ইতোমধ্যেই কম্পিউটারাইজড ইনভেনটরি সফটওয়্যার চালু করা হয়েছে। ফলে ক্রয়কৃত ও ভান্ডারে মজুদকৃত সম্পদের পরিমাণ স্বয়ংক্রিয়ভাবে হালনাগাদকরণ ও সুষ্ঠু হিসাবরক্ষণ সম্পন্ন হচ্ছে।

**খুলনা ওয়াসায় বাস্তবায়নাধীন প্রকল্প:**

১. খুলনা শহরে পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প :

বাস্তবায়নকাল : জুলাই ২০১৫- জুন ২০১৮। প্রাক্কলিত ব্যয়ঃ ৩৩৪৮.২৯ লক্ষ টাকা (জিওবি- ৩১৮০.৮৮ লক্ষ টাকা এবং খুলনা ওয়াসার নিজস্ব- ৩৪৭.৩৬ লক্ষ টাকা) খুলনা মহনগরীতে পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়ন এর লক্ষ্যে নতুন নলকূপ স্থাপন ও বিদ্যমান নলকূপসমূহ পুনর্বাসনের মাধ্যমে দৈনিক ২০ মিলিয়ন লিটার পানি সরবরাহ বৃদ্ধি করে গ্রাহক সেবার মান উন্নয়ন করা। এ প্রকল্পের আওতায় ইজিপি পদ্ধতিতে ২০টি উৎপাদক নলকূপের দরপত্র আহবান করে উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে। ৬০০০টি ফ্লো মিটার সরবরাহ নেওয়া হয়েছে। পানি সরবরাহ পাইপ লাইনে লিক সনাক্তকারি যন্ত্র সরবরাহ নেওয়া হয়েছে। প্রকল্পটি ২০১৭-১৮ অথ বছরে জুন, ২০১৮-তে সমাপ্ত হয়েছে।

৩০/৭/১৮
মোঃ ইমতিয়াজ আলী মল্লিক
প্রধান সহকারী
খুলনা ওয়াসা, খুলনা।

৩০/৭/১৮
শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

৩০/৭/১৮
স্বপন কুমার মন্ডল
(উপ সচিব)
উপ ব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন)
খুলনা ওয়াসা, খুলনা।

২. খুলনা পানি সরবরাহ প্রকল্পঃ

বাস্তবায়নকাল ঃ জুলাই ২০১১- ডিসেম্বর ২০১৮, ২৫২৪২৯.৮৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ভূ-গর্ভস্থ পানি ব্যবহার হ্রাস করে ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধি লক্ষ্যে বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। প্রকল্পটি সমাপ্ত হলে দৈনিক ১১ কোটি লিটার (১১০ এম ল ডি) ভূ-উপরিস্থ পরিশোধিত পানি সরবরাহ করা হবে এবং পানি সরবরাহের কভারেজ ৪৬% বৃদ্ধি হবে। প্রকল্পের আওতায় চলমান কার্যক্রম:

- খুলনা ওয়াসার ১০ তলা বিশিষ্ট (প্রথম পর্যায়ে ৬ তলা) প্রধান কার্যালয় ভবনের নির্মাণ কাজ জুন ২০১৬-তে সমাপ্ত হয়েছে।



জুন ২০১৬-তে সমাপ্ত খুলনা ওয়াসা ভবন।

- Distribution Reservoir & Overhead Tanks : মহানগরীতে বিভিন্ন স্থানে ৭টি Distribution Reservoir (৫০০০ থেকে ১৩৫০০ ঘ: মি: ক্ষমতা সম্পন্ন) এবং ১০ টি Overhead Tanks (৪০০ঘ: মি: ক্ষমতা সম্পন্ন ৫টি এবং ৬৫০ ঘ: মি: ক্ষমতা সম্পন্ন ৫টি ) এর নির্মাণ কাজ চলমান রয়েছে । এ পর্যন্ত ৯৮% কাজ সমাপ্ত হয়েছে। সেপ্টেম্বর ২০১৮ মধ্যে এ কাজটি সম্পন্ন করা সম্ভব হবে।



চরেরহাট Reservoir & Overhead Tank নির্মাণ কাজ।

- Clear Water Transmission Mains including River crossing: ৩০০ হতে ১২০০ মি:মি: ব্যাসের ৩৬ কি:মি: ডাকটাইল আয়রন পাইপ, ১৪ কি:মি: এইচডিপিই এবং রূপসা নদীর তলদেশ দিয়ে পাইপ বসানোর কাজ শেষ হয়েছে। এ পর্যন্ত ৯০% কাজের সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজ ডিসেম্বর ২০১৮ এর মধ্যে সম্পন্ন হবে।



রূপসা নদীর তলদেশ দিয়ে ডাকটাইল আয়রন পাইপ লাইন স্থাপন।

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা

রূপম কুমার মন্ডল
(উপ সচিব)
উপ ব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন)
খুলনা ওয়াসা, খুলনা।

❖ Distribution Pipe Network : এ কাজে আওতায় ৭৫ মি:মি: থেকে ৫০০ মি:মি: ব্যাসের মোট ৬৩০ কি:মি: পাইপ লাইনের মধ্যে ৪২ কি:মি: ডাকটাইল আয়রন পাইপ এবং ৫৫৮ কি:মি: এইচডিপিই পাইপ বসানোর কাজ শেষে হয়েছে। এ পর্যন্ত পাইপ লাইন স্থাপনের কাজ ৯৫% সম্পন্ন করা হয়েছে। এছাড়া ডিসেম্বর ২০১৮ এর মধ্যে ৪৫০০০ বাসগৃহে মিটারসহ পানির সংযোগ প্রদানের কাজ সম্পন্ন হবে।



মহানগরীরতে ডাকটাইল আয়রন ও এইচডিপিই পাইপ লাইন স্থাপন।

❖ Surface Water Treatment Plant & Impounding Reservoir : খুলনা জেলার রূপসা উপজেলার তিলক ও পাথরঘাটা নামক স্থানের ১১০ এমএলডি (১১ কোটি লিটার ) ক্ষমতা সম্পন্ন পানি শোধনাগার এর নির্মাণ কাজ প্রায় ৯০% সম্পন্ন হয়েছে। ৭.৭২ কোটি লিটার ধারন ক্ষমতা সম্পন্ন Impounding Reservoir নির্মান এ পর্যন্ত ৮৫% সম্পন্ন হয়েছে। বর্তমান কাজের বাস্তব অবশিষ্ট কাজ ডিসেম্বর ২০১৮ এর মধ্যে সম্পন্ন করে টেস্টিং ও কমিশনিং করা সম্ভব হবে।



রূপসায় নির্মাণাধীন ১১০ এমএলডি ক্ষমতা সম্পন্ন SWTP ।

❖ Water Intake facilities and Raw Water Transmission Pipe line : বাগেরহাট জেলার মোল্লাহাট ব্রীজ সংলগ্ন স্থানে ইনটেক পাম্প হাউজ ও অন্যান্য ফ্যাসিলিটি নির্মাণ করা হচ্ছে। মধুমতি নদী হতে অপরিশোধিত পানি ৩৩ কি:মি: ১৪০০ মি:মি: (৫৬") ব্যাসের ডাকটাইল আয়রন সঞ্চালন পাইপ লাইনের মাধ্যমে ট্রিটমেন্ট প্ল্যান্টে আনা হবে। ইতোমধ্যে ৩১ কি:মি: পাইপ বসানো হয়েছে। বর্তমানে কাজের অগ্রগতি প্রায় ৮০%। অবশিষ্ট কাজ ডিসেম্বর ২০১৮ মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে।



ফকিরহাট ও মোল্লাহট, বাগেরহাটে Raw Water Pipe line কাজ।

৩০/৭/১৮
শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

স্বপন কুমার মন্ডল
(উপ সচিব)
উপ ব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন)
খুলনা ওয়াসা, খুলনা।